

## জ্ঞান-বিজ্ঞানের চর্চার জন্য বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ গত শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আয়োজিত পঞ্চম আন্তর্জাতিক গাণিতিক পদার্থ বিদ্যা সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক এম. শামসুল হক। বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত বিজ্ঞান সম্মেলন কেন্দ্রে আয়োজিত ৩ দিনব্যাপী এই সম্মেলনে জাপান, ভারত, উজবেকিস্তান, পাকিস্তান ও বাংলাদেশের প্রায় দেড়শত বিজ্ঞানী অংশগ্রহণ করেন। সম্মেলনে স্বাগত বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল মান্নান জ্ঞান বিজ্ঞান চর্চার জন্য বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন। প্রধান অতিথির ভাষণে প্রফেসর এম. শামসুল হক আশাবাদ ব্যক্ত করিয়া বলেন, এ ধরনের আন্তর্জাতিক সম্মেলন নিঃসন্দেহে গাণিতিক পদার্থ বিদ্যা ও রাসায়নিক পদার্থ বিদ্যার ক্ষেত্রে নবতর জ্ঞানভাণ্ডার উপহার দিবে। বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত

বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক প্রফেসর জামাল নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক আবদুল মজিদ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব ফজলুর রহমান, প্রফেসর মোহাম্মদ আবুল মনসুর-চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন।